সামনে বড় দুর্ভিক্ষ আসছে: কোটি মানুষের মৃত্যুর শঙ্কা

চেম্বার ডেস্ক:: মারাত্মক বিপর্যয়ের মুখে পড়তে যাচ্ছে বিশ্ববাসী। খাদ্যে সংকটে মারা যাবে প্রায় তিন কোটি মানুষ। এমন আশঙ্কা কথা জানিয়ে বিশ্ববাসী আবারও সতর্ক করেছে ডব্লিউএফও’র প্রধান। এই দুর্ভিক্ষের মধ্যে বেশি ক্ষতিগ্রস্ত হবে আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের মানুষ বলে ধারণা করা হচ্ছে।

শনিবার (১৯ সেপ্টেম্বর) জতিসংঘের খাদ্য অধিদফতর ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম ডব্লিউএফও’ র প্রধানের আবগঘন বক্তব্যে সেই আহবানই জানান। তিনি বলেন, ‘দুই বেলা খাবারের অভাবে মৃত্যুমুখে দাঁড়িয়ে থাকা ওই ৩ কোটি মানুষকে বাঁচাতে বছরে অন্তত ৪৯০ কোটি ডলার সাহায্য প্রয়োজন।

সংস্থাটির আশঙ্কা, অবিলম্বে সাহায্যের হাত না-বাড়ালে অন্তত ৩ কোটি মানুষের মৃত্যু হবে স্রেফ না খেতে পেয়ে। বিশেষ করে আফ্রিকা এবং মধ্যপ্রাচ্যে প্রকট আকার ধারন করবে এ দুর্ভিক্ষ।

ডব্লিউএফও বলছে, বিশ্বের ২৭ কোটি মানুষ খাদ্য সঙ্কটের মুখে পড়তে চলছেন। এভাবে চললে এই বছরের শেষেই ১৩ কোটি ৮০ লক্ষ মানুষ খাদ্যাভাবের কবলে পড়বেন। এই পরিস্থিতিতে জাতিসংঘের খাদ্য বিভাগের প্রধান ডেভিড বিসলি আজ ধনকুবেরদের কাছে সাহায্যের আবেদন জানিয়েছেন।

কঙ্গোতে ক্ষুধার সঙ্গে যুদ্ধ করছে প্রায় দেড় কোটি মানুষ। নাইজেরিয়ায় ৪০-৬০ লাখ মানুষ খাদ্য অনিশ্চয়তায়। ইয়েমেনে ৩০ লাখ মানুষ এখনও অনাহারে। আরও ২০ লাখ মানুষ একবেলা খাবার গ্রহণের সামর্থ্য হারাচ্ছে।